

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
হাসপাতাল সমাজসেবা কার্যালয়  
সদর হাসপাতাল, মানিকগঞ্জ।  
[hssso.manikganj.gov.bd](http://hssso.manikganj.gov.bd)

স্মারক নম্বর: ৪১.০১.৫৬০০.০৬০.১৮.০০২.২২.২০

তারিখ: ২৯/০৩/২০২৩ খ্রি:

বরাবর,

.....  
.....  
.....

বিষয়: রোগী কল্যাণ সমিতি, সদর হাসপাতাল, মানিকগঞ্জ এর তহবিল যাকাত, দান ও অনুদান প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরের আওতাধীনে দেশের অন্যান্য হাসপাতালের ন্যায় ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মানিকগঞ্জ (সদর হাসপাতাল) "রোগী কল্যাণ সমিতি" পরিচালিত হয়ে আসছে। এই সমিতির মাধ্যমে হাসপাতাল ভর্তিকৃত দরিদ্র, অসহায় ও দুঃস্থ রোগীদেরকে চিকিৎসকদের পরামর্শমত ঔষধ, অপারেশন সামগ্রী, রক্ত, ট্রাচ, চশমা, হুইল চেয়ার, যাতায়াত ভাড়া, রেগের পরীক্ষা নিরীক্ষা, লাশ পরিবহন ও দাফন কাফন/সৎকার ইত্যাদি ক্ষেত্রে সহায়তা করা হয়ে থাকে। সরকারি অনুদান, সদস্য চাঁদা এবং বিভিন্ন ব্যক্তি ও সংস্থার দান, অনুদান ও যাকাতের অর্থ সংগ্রহের মাধ্যমে রোগী কল্যাণ সমিতির তহবিল গঠিত হয়ে থাকে। বর্তমানে রোগীদের চাহিদার তুলনায় সমিতির তহবিল নিতান্তই অপ্রতুল। তাই সমিতির তহবিল গঠনের জন্য দানশীল ব্যক্তিদের আন্তরিকতা ও সুদৃষ্টি কামনা করে যাকাত/দান/অনুদান সংগ্রহ করা হচ্ছে।

এই বৃহৎ ও মানবিক কর্মক্ষেত্রে আপনার যাকাত, দান ও অনুদান প্রধান প্রাণশক্তি। মহতি এই কার্যক্রমকে আরো বেগবান করার স্বার্থে এবং অধিক সংখ্যক দুঃস্থ রোগীকে সেবা প্রদানের লক্ষ্যে সমিতির তহবিল মুক্ত হস্তে আপনার যাকাত, দান ও অনুদানের অর্থ প্রদানসহ আপনার অব্যাহত সহযোগিতা একান্তভাবে কামনা করছি।


সমিতির নিম্নোক্ত ব্যাংক হিসাবসমূহে অথবা সরাসরি কার্যালয় হতে রশিদের মাধ্যমে যাকাত, দান ও অনুদানের অর্থ সংগ্রহ করা হয়।

ক্রঃ নং	হিসাবের শিরোনাম	হিসাব নম্বর	ব্যাংকের নাম ও শাখার নাম	তহবিলের ধরণ
১	রোগী কল্যাণ সমিতি	সঞ্চয়ী- ১২৩১১০১০১৯৪২৪	পূর্বালী ব্যাংক লিঃ, মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ।	সদস্য চাঁদা, দান ও অনুদান
২	যাকাত ফান্ড, রোগী কল্যাণ সমিতি	চলতি- ১২৩১৯০১০৩৮৭০৬	পূর্বালী ব্যাংক লিঃ, মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ।	যাকাত

বর্ণিত বিষয়াদি সহানুভূতির সাথে বিবেচনা করত: অত্র রোগী কল্যাণ সমিতির তহবিল আর্থিক সাহায্য/যাকাত/দান/অনুদান প্রদানের জন্য মহোদয় সমীপে বিনীত অনুরোধ করছি।

  
২৯.০৩.২৩

নিয়াজ মর্শেদ  
সমাজ কল্যাণ সংগঠক (চিকিৎসা)  
হাসপাতাল সমাজসেবা কার্যালয় ও  
সাধারণ সম্পাদক, রোগী কল্যাণ সমিতি,  
মানিকগঞ্জ।

  
29/03/23  
ডাঃ মোহাম্মদ বাহাউদ্দিন  
তত্ত্বাবধায়ক  
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল ও  
সভাপতি, রোগী কল্যাণ সমিতি,  
মানিকগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে:

- ১। উপপরিচালক (চিকিৎসা ও প্রেশন), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মানিকগঞ্জ।
- ৩। অফিস কপি।